



চীন সফরে গেল বিএনপির প্রতিনিধি দল, নেতৃত্বে মির্জা ফখরুল



সংগৃহীত ছবি

চীন সফরে গেছেন বিএনপির উচ্চপর্যায়ের একটি প্রতিনিধি দল। দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের নেতৃত্বে এ প্রতিনিধি দলটি বেইজিংয়ের উদ্দেশ্যে গতকাল রাতে ঢাকা ত্যাগ করেছে।

দলীয় সূত্রে জানা গেছে, চীনের কমিউনিস্ট পার্টির আমন্ত্রণে এই সফর অনুষ্ঠিত হচ্ছে। সফরে দ্বিপাক্ষিক রাজনৈতিক সম্পর্ক, আঞ্চলিক পরিস্থিতি, নির্বাচন ও ভবিষ্যৎ কূটনৈতিক কৌশল নিয়ে আলোচনা হওয়ার কথা রয়েছে।

প্রতিনিধি দলে আরও রয়েছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাস, গণেশ্বর চন্দ্র রায়, সেলিমা রহমান, চেয়ারপারসনের উপদেষ্টা ইসমাইল জবিউল্লাহ, অধ্যাপক সুকোমল বড়ুয়া, জহির উদ্দিন স্বপন, দলের মিডিয়া সেলের আহ্বায়ক অধ্যাপক ডা. মওদুদ হোসেন আলমগীর পাভেল এবং চেয়ারপারসনের একান্ত সচিব এবিএম আব্দুস সাত্তার।

বিএনপির পক্ষ থেকে জানানো হয়, আন্তর্জাতিক অঙ্গনে রাজনৈতিক সম্পর্ক জোরদার করতেই এই সফর। একইসঙ্গে চীনের সঙ্গে ঐতিহাসিক বন্ধুত্বপূর্ণ সম্পর্ক পুনর্গঠনে এটি একটি বড় পদক্ষেপ বলে মনে করছে দলটি।

বেইজিংয়ে বিএনপি প্রতিনিধি দলের বৈঠক হওয়ার কথা রয়েছে চীনা কমিউনিস্ট পার্টির আন্তর্জাতিক বিভাগ এবং সরকারের বিভিন্ন উচ্চ পর্যায়ের কর্মকর্তাদের সঙ্গে। সফর শেষে প্রতিনিধি দল আগামী সপ্তাহে দেশে ফিরবে বলে জানা গেছে।